তারিখ ..........
পৃষ্ঠা 2 কলাম ..........

ভোরের কাগজ

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড
বখশী বাজার, ঢাকা।

নং কমন/১৭৯/

তারিখ : ২৮/০৫/২০০১

# সংবাদ বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের মঞ্জুরী/ খোলার অনুমতিপ্রাপ্ত দাখিল, আলিম, ফাযিল ও কামিল মাদরাসা প্রধানগণকে জানানো যাচ্ছে যে, এখন হতে ছাত্র/ছাত্রীর নামের সাথে মায়ের নাম সংযুক্ত থাকার সরকারী সিদ্ধান্ত রয়েছে বিধায় অত্র বোর্ডের বিজ্ঞপ্তি প্রকাশের পরবর্তী (৭ সাত) দিনের মধ্যে প্রত্যেক মাদরাসা প্রধান তাঁর মাদরাসার ২০০০-২০০১ শিক্ষাবর্ষের দাখিল, আলিম, ফাযিল ও কামিল শ্রেণীতে অধ্যয়নরতদের মায়ের নাম সংগ্রহ করার জন্য অনুরোধ করা হল। ইতিপূর্বে বোর্ডে দাখিলকৃত শ্রেণী ওয়ারী টটলিষ্টের (যা মাদরাসা অফিসে সংরক্ষিত) অনুসরণে শুধুমাত্র মায়ের নাম রেজিস্ট্রেশনের প্রিন্ট আউট-এ লিপিবদ্ধ করতে হবে। কোন অবস্থায়ই ছাত্র/ছাত্রীর ও তাদের পিতার নাম পরিবর্তন করে প্রতিস্থাপন করা যাবে না। বোর্ড লোক মারফত জেলা সদরে অবস্থিত কেন্দ্রস্থিত মাদরাসার কেন্দ্র সচিবের নিকট আগামী ৩১/০৫/২০০১ তারিখের মধ্যে ২০০০-২০০১ শিক্ষাবর্ষের অর্থাৎ ২০০২ সালের দাখিল পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক নিয়মিত ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশনের প্রিন্ট আউট পৌছাবে। প্রত্যেক মাদরাসা প্রধানকে ০৩/০৬/২০০১ তারিখের মধ্যে উক্ত কেন্দ্র সচিবের নিকট হতে প্রিন্ট আউট গ্রহণ করে প্রিন্ট আউটে প্রদর্শিত ভুল ক্যাপিটাল লেটারে লাল কালিতে লিখে সংশোধন করে ও মায়ের নাম অন্তর্ভুক্ত করে পুনরায় কেন্দ্র সচিবের নিকট ১৪/০৬/২০০১ তারিখের মধ্যে অবশ্যই পৌছাতে হবে। কেন্দ্র সচিব ১৮/০৬/২০০১ তারিখের মধ্যে তাঁর কেন্দ্রের আওতাধীন সকল মাদরাসার সংশোধিত ও মায়ের নাম অন্তর্ভুক্ত করা প্রিন্ট আউটগুলো বোর্ডে পৌছাবেন। বর্ণিত তারিখগুলো অনুসরণ করা না হলে সময় মত পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। অনুরূপভাবে ২০০১-২০০২ শিক্ষাবর্ষের অর্থাৎ ২০০৩ সালের দাখিল পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুকদের মায়ের নাম সংগ্রহ করে রাখার জন্যও অনুরোধ করা হল। পুনরাদেশ না দেয়া পর্যন্ত সকল স্তরে এ নিয়ম বলবৎ থাকবে।

**বিঃ দ্রঃ-** কোন মাদরাসার *print* out পাওয়া না গেলে সংশ্লিষ্ট মাদরাসা প্রধান tought list এবং রেজিঃ ফি জমা দেয়ার রসিদের ফটোকপিসহ পিতার নামের সাথে পরীক্ষার্থীর মায়ের নাম সংযুক্ত করে আগামী ১৪/০৬/২০০১ তারিখের মধ্যে বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট জমা দেয়ার জন্য অনুরোধ করা হল। অন্যথায় রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা সম্ভব হবে না।

আবদুল হামিদ মোল্লা
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড
বখশী বাজার, ঢাকা।

ডিএফপি-১৫০৫০-৩০/৫/২০০১ (৭"x২)
জি-২৩৩/২০০১